

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
সরকারি কলেজ-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)


নং- ৩৭.০০.০০০০.০৯০.১৯.০০৪.২০১৮-১৯০

তারিখ : ১৮ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ  
০১ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বি. সি. এস. (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাদের “সরকারি কলেজের শিক্ষক বদলি/পদায়ন নীতিমালা-২০২০” অনুযায়ী অনলাইনে বদলির আবেদন দাখিল করতে হবে মর্মে বলা হয়েছে। একই সঙ্গে অনলাইন ব্যতীত অন্য কোন উপায়ে প্রেরিত/পেশকৃত আবেদন বিবেচনা করা হবে না মর্মেও বদলি/পদায়ন নীতিমালা-২০২০-এ উল্লেখ রয়েছে।

০২। বি. সি. এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের ১৪-১৬ ব্যাচ পর্যন্ত অধ্যাপক পদমর্যাদার কর্মকর্তাদের মধ্যে অধ্যক্ষ পদে বদলি/পদায়নে আগ্রহী আবেদনকারীগণকে ১৫/০৬/২০২৩ তারিখ হতে ৩০/০৬/২০২৩ তারিখ পর্যন্ত শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটের ([www.shed.gov.bd](http://www.shed.gov.bd)/[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)) সংশ্লিষ্ট লিংক ব্যবহার করে অনলাইনে আবেদন করার পরামর্শ প্রদান করা হয়েছে। উক্ত আবেদনসমূহ অধ্যক্ষ/উপাধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধানগণ ০২/০৭/২০২৩ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর অগ্রায়ণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
০২/০৬/২৩  
(টৌধুরী সামিয়া ইয়াসমীন)  
উপসচিব (সরকারি কলেজ-২)  
ফোন: ০২৫৫১০০৭২৭

নং- ৩৭.০০.০০০০.০৬৭.০২.০০৪.২০১৭-১৯০

তারিখ : ১৮ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ  
০১ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. অধ্যক্ষ.....(সকল কলেজ)
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ( বিজ্ঞপ্তিটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অতিরিক্ত সচিব (কলেজ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।

(টৌধুরী সামিয়া ইয়াসমীন)  
উপসচিব (সরকারি কলেজ-২)